গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলা
sadar.bandarban.gov.bd

স্মারক নং- ০৫.৪২.০৩১৪.০০১.০২.০১২.২৫- ৬৯৫

তারিখ: ১১ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

**"ফ্যামিলি কার্ড কর্মসূচি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত সময় বৃদ্ধির বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ০১ আগস্ট, ২০২৬ খ্রি: হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে **বান্দরবান সদর উপজেলা ও পৌর এলাকায়** তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। এমতাবস্থায়, আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য, ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই এবং যারা ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, তাদের পুনরায় ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন নেই।

| ক্রম | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস।<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) শুদ্ধ বাংলায় সাবলীলভাবে লিখতে, পড়তে ও কথা বলতে সক্ষম।<br>চ) মাঠ পর্যায়ে শারীরিকভাবে কাজ ও তথ্য সংগ্রহ করতে সক্ষম। | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী।<br>গ) পূর্বে বিবিএস ও অন্য সংস্থার বিভিন্ন জরিপ কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে কোন সংস্থা/চাকরি হতে বরখাস্ত বা দণ্ডিত। | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ,<br>খ) জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্মনিবন্ধন,<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত।<br>ঘ) পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি। |
| ০২ | সুপারভাইজার | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন।<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)।<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিতকরণ | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর।<br>গ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে কোন সংস্থা/চাকরি হতে বরখাস্ত বা দণ্ডিত। | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ,<br>খ) জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্মনিবন্ধন<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত। |

০২। আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলা, খ) শহর সমাজসেবা কার্যালয়, বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলা, গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলা। তাছাড়া, উপজেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলার ওয়েবসাইট লিংক https://dss.sadar.bandarban.gov.bd/ , শহর সমাজসেবা কার্যালয়, বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলার ওয়েবসাইট লিংক https://ucdo.bandarban.gov.bd/ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বান্দরবান সদর, বান্দরবান পাবর্ত্য জেলার ওয়েবসাইট লিংক https://sadar.bandarban.gov.bd/ এ আবেদন ফরম পাওয়া যাবে।

চলমান পাতা ০২

CamScanner

০৩। আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:

| ক্রম | আবেদন ফরম বিতরণের সর্বশেষ তারিখ ও সময়সূচি | আবেদন ফরম দাখিলের সর্বশেষ তারিখ ও সময়সূচি | ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান |
|---|---|---|---|
| ০১ | ২৮/০৭/২০২৬ খ্রি. সময় সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত | ২৮/০৭/২০২৬ খ্রি: সময় সকাল ০৯.০০ ঘটিকা বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা উপজেলা পরিষদ, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা |

০৭। শর্তাবলী:

ক) তথ্য সংগ্রহকারীগণকে শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

খ) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘন্টা বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করতে হবে।

গ) মোবাইল, ইন্টারনেট, তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।

ঘ) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।

ঙ) তথ্য সংগ্রহকালে কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।

চ) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা করা বাধ্যতামূলক।

ছ) তথ্য সংগ্রহের জন্য প্রদত্ত ট্যাবলেটটি সযত্নে সংরক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে এর দায়ভার তথ্যসংগ্রহকারীকে বহন করতে হবে এবং প্রযোজ্য ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

জ) কোন পরিবারকে আর্থিক/অন্যায্য সুবিধা নিয়ে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।

ঝ) ইচ্ছাকৃত জালিয়াতির ঘটনা প্রমাণিত হলে তথ্য সংগ্রহকারী/সুপারভাইজারের সম্মানী বাতিল ও বিধি মোতাবেক আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২৬.০৭.২৬

মারুফা সুলতানা খান হীরামনি
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
সদর, বান্দরবান পার্বত্য জেলা।
০৩৬১-৬২৪০৪
unobandarbansadar@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদর, বান্দরবান।
www.dss.sadar.bandarban.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০৩১৪.০০০.০০০.১৮.০২০৬.২৬.২৭৮

তারিখ: ১১ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, বান্দরবান-৩০০, বান্দরবান পার্বত্য জেলা।
০২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
০৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
০৪। প্রশাসক, বান্দবরান পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
০৬। সহকারী কমিশনার (ভূমি), বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।
০৭। অফিসার ইনচার্জ, বান্দরবান সদর থানা, বান্দরবান পার্বত্য জেলা
০৮। জনাব ................................., ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, বান্দবরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।
০৮। জনাব ................................., ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
০৯। উপজেলা কর্মকর্তা (সকল), বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান/প্রশাসক/ভারপ্রাপ্ত চেয়ারম্যান/ইউ.পি সদস্য, ইউনিয়ন পরিষদ (সকল), বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
১১। পৌর নির্বাহী কর্মকর্তা, বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
১২। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), বান্দরবান, বান্দরবান পার্বত্য জেলা।
১৩। জনাব.............................
১৪। নোটিশ বোর্ড/সংরক্ষিত কপি।

২৭/৭/২৬

সত্যজিৎ মজুমদার
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।

CamScanner